খসড়া

২০২২ সনের .... নং আইন

বাংলাদেশের সকল হাওর ও জলাভূমির সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনার নিমিত্ত বিধান প্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৮ক অনুচ্ছেদ অনুযায়ী বর্তমান এবং ভবিষ্যৎ নাগরিকদের জন্য হাওর ও জলাভূমিসহ সকল প্রাকৃতিক সম্পদের সংরক্ষণ ও নিরাপত্তা বিধানের বাধ্যবাধকতা রহিয়াছে;

যেহেতু মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ১৬৮৩/২০১৪-তে প্রদত্ত আদেশে বাংলাদেশ হাওর ও জলাভূমি সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন দ্রুত প্রণয়নের নির্দেশনা রহিয়াছে;

যেহেতু বাংলাদেশের সকল হাওর ও জলাভূমির সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনার নিমিত্ত আইন প্রণয়ন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

প্রথম অধ্যায়

সাধারণ

সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন

১। (১) এই আইন **বাংলাদেশ হাওর ও জলাভূমি সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০২২** নামে অভিহিত হইবে;

(২) ইহা সমগ্র বাংলাদেশে প্রযোজ্য হইবে;

(৩) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন বলবৎ হইবে।

সংজ্ঞা ২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(১) "অধিদপ্তর" অর্থ পানি সম্পদ মন্ত্রণালয়ের সংযুক্ত দপ্তর হিসেবে বিদ্যমান বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর;

(২) "অভয়াশ্রম" অর্থ কোন হাওর ও জলাভূমি বা এর নির্দিষ্ট এলাকা যেখানে মাছ ও অন্যান্য জলজ প্রাণি নিরাপদ আশ্রয়ে নির্বিঘ্নে আশ্রয়, প্রজনন ও বিচরণ করতে পারে, উপযুক্ত পরিবেশে বেড়ে উঠে এবং যেখানে সাধারণতঃ বছরের নির্দিষ্ট সময়ে বা সারা বছর অথবা দীর্ঘ মেয়াদের জন্য কিংবা স্থায়ীভাবে মাছ আহরণ বা নিধন নিষিদ্ধ থাকে।

(৩) ''উপযুক্ত কর্তৃপক্ষ'' অর্থ হাওর ও জলাভূমির সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত কোন সংস্থা বা কর্তৃপক্ষ যাহা কোন আইন বা আইনের ক্ষমতাসম্পন্ন কোন দলিলের অধীন প্রতিষ্ঠিত বা গঠিত;

(৪) ''খাল'' অর্থ পানির অন্তঃপ্রবাহ বা আন্তঃপ্রবাহ বা বহিঃপ্রবাহের কোন পথ;

(৫) "জলমহাল" অর্থ 'সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯' -এ জলমহাল হিসেবে উল্লিখিত জলাভূমি;

(৬) ''জলাধার'' অর্থ ভূমিতে প্রাকৃতিক বা মানবসৃষ্ট কোন পানি ধারক;

(৭) "জলাভূমি" অর্থ সেই সকল ভূমি যাহা সারাবছর বা বছরের কিছু সময় স্থির বা প্রবহমান পানি দ্বারা নিমজ্জিত থাকে বা যাহা আর্দ্র থাকে এবং যাহাতে জলজ উদ্ভিদ জন্মায় যেমন- নদ-নদী, খাল, বিল, হাওর, বাঁওড়, পুকুর ইত্যাদি; উপকূলীয় এলাকায় ভাটার সময় ছয় মিটার গভীরতা পর্যন্ত নিমজ্জিত এলাকাও ইহার অন্তর্ভুক্ত;

(৮) "জলাভূমি এলাকা" অর্থ কোন জলাভূমি ও উহার পার্শ্ববর্তী অঞ্চল যাহাতে বসবাসকারী উদ্ভিদ ও প্রাণিকুল ঐ জলাভূমির উপর প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্ভরশীল;

(৯) "জলাভূমি সুরক্ষা" অর্থ ধারা ৫-এ বর্ণিত বিধিনিষেধ;

(১০) "জাতীয় পরিষদ" অর্থ ধারা ১১ -এ উল্লিখিত জাতীয় পরিষদ;

(১১) "নদ-নদী" অর্থ পাহাড় বা জলাভূমি বা অন্য কোন উৎস হইতে প্রাকৃতিকভাবে সৃষ্ট সারা বছর বা বছরের কোন সময় প্রবহমান ভূ-উপরিস্থ কোন জলধারা যাহা সমুদ্র বা নদী বা অন্য কোন জলাভূমিতে পতিত হয়;

(১২) ''নির্বাহী কমিটি'' অর্থ ধারা ১১ -এ উল্লিখিত নির্বাহী কমিটি;

(১৩) ‘‘পানিধারক স্তর’’ (Aquifer) অর্থ ভূগর্ভস্থ শিলা স্তরের এমন কোন স্তর যাহা পানি ধারণ এবং পরিবহণ করিতে পারে এবং যাহা হইতে পানি উত্তোলন করা যায়;

(১৪) “পানিধারক স্তরের নিরাপদ সীমা" অর্থ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত সেই সীমা যে পর্যন্ত পানি উত্তোলন করা হলেও পানিধারক স্তর নিরাপদ, টেকসই ও সুরক্ষিত থাকে;

(১৫) ‘‘পানি সম্পদ’’ অর্থ ভূপরিস্থ, ভূগর্ভস্থ ও বৃষ্টির পানি; মোহনা, পানিধারক স্তর, প্লাবনভূমি, হাওর, জলাভূমি, জলাধার, ফোরশোর, উপকূল ও অনুরূপ কোন আধার বা স্থানের পানিও উহার অন্তর্ভুক্ত হইবে;

(১৬) “পুকুর” অর্থ প্রাকৃতিক বা মানবসৃষ্ট স্থির পানির কোন ক্ষুদ্র জলাধার;

(১৭) ‘‘ফোরশোর’’ অর্থ বৎসরের যেকোন সময় ভরাকটাল (ordinary spring tide) এর সময় নদীর সর্বনিম্ন পানি স্তর (low water mark) হইতে সর্বোচ্চ পানি স্তর (high water mark) এর মধ্যবর্তী অংশ; এবং The Ports Act, 1908 (Act. No. XV of 1908) অনুযায়ী ঘোষিত নদী বন্দর ও সমুদ্র বন্দর এলাকায় সর্বোচ্চ পানি স্তর হইতে নদীর তীর ৫০ (পঞ্চাশ) মিটার এবং অন্যান্য এলাকায় সর্বোচ্চ পানি স্তর হইতে ১০ (দশ) মিটার পর্যন্ত বিস্তৃত এলাকা;

(১৮) ‘‘ফৌজদারি কার্যবিধি’’ অর্থ The Code of Criminal Procedure, 1898 (Act V of 1898);

(১৯) ‘‘বাঁওড়’’ অর্থ নদীর গতিপথ পরিবর্তনের ফলে সৃষ্ট খুরাকৃতির কোন বদ্ধ বা আংশিক প্রবহমান জলাধার;

(২০) ‘‘বিল’’ অর্থ প্রাকৃতিক নীচু জলাভূমি যাহা বৃষ্টি বা নদীর পানির দ্বারা সারা বছর বা বছরের কিছু সময় নিমজ্জিত থাকে;

(২১) ‘‘ভূমি’’ অর্থ The State Acquisition and Tenancy Act, 1950 (E. B. Act No. XXVIII of 1950) এর section 2(16) এ সংজ্ঞায়িত কোন ভূমি (land);

(২২) ‘‘মহাপরিচালক’’ অর্থ বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক;

(২৩) ‘‘মোহনা’’ অর্থ এমন কোন স্থান যেখানে সমুদ্রের জলরাশির সহিত ভূমি হইতে প্রবহমান জলধারা মিশ্রিত হয়;

(২৪) “সংরক্ষিত জলাভূমি” অর্থ হাওর ও জলাভূমির পরিবেশ, প্রতিবেশ, জীববৈচিত্র্য ও বাস্তুতন্ত্র রক্ষায় নির্দিষ্ট ব্যবস্থাপনায় পরিচালিত জলাভূমি;

(২৫) ‘‘সরকার’’ অর্থ এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে পানি সম্পদ মন্ত্রণালয়;

(২৬) ‘‘সংবিধান’’ অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান;

(২৭) ‘‘হাওর’’ অর্থ প্রাকৃতিকভাবে সৃষ্ট কড়াই আকৃতির কোন নিম্ন জলাভূমি।

আইনের প্রাধান্য

৩। আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী কার্যকর থাকিবে।

অধিদপ্তরের কার্যাবলী

৪। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর দায়িত্ব পালন করিবে।

(২) অধিদপ্তর হাওর ও জলাভূমির সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনার জন্য হাওর ও জলাভূমি এলাকায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রকল্প গ্রহণকালে প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ পরিবীক্ষণ, মূল্যায়ন ও সমন্বয় করিবে ।

(৩) এই আইনের সহিত সম্পর্কযুক্ত কার্যাবলী সম্পাদনে অধিদপ্তর বিভিন্ন দপ্তর/সংস্থার সহিত সমন্বয় করিবে।

(৪) অধিদপ্তর হাওর ও জলাভূমি এলাকার সার্বিক ও সমন্বিত উন্নয়নের জন্য মহাপরিকল্পনা প্রণয়ন এবং বিভিন্ন সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত/স্থানীয় সরকার প্রতিষ্ঠান/বেসরকারি/অন্য কোন সংস্থার মাধ্যমে উহা বাস্তবায়ন ও সমন্বয় করিবে।

(৫) অধিদপ্তর সময়ে সময়ে প্রণীত জাতীয় নীতি/পরিকল্পনা, ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, এসডিজি ও অন্যান্য পরিকল্পনার আওতায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক হাওর ও জলাভূমি এলাকার সার্বিক ও সমন্বিত উন্নয়নের জন্য প্রকল্প গ্রহণে সহযোগিতা ও পরামর্শ প্রদান করিবে।

(৭) অধিদপ্তর হাওর ও জলাভূমি এলাকার বাস্তুতন্ত্রভিত্তিক (Ecosystem based) সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনার নিমিত্ত সমীক্ষা ও উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করিবে।

(৮) অধিদপ্তর হাওর ও জলাভূমি এলাকার উদ্ভিদ ও প্রাণিকুল, জলজ বাস্তুতন্ত্র (Aquatic Ecosystem) ও পরিবেশের ভারসাম্যের রক্ষার নিমিত্ত কোন হাওর বা জলাভূমি

অথবা হাওর বা জলাভূমির কোন অংশকে প্রয়োজনে সংরক্ষিত জলাভূমি এলাকা বা অভয়াশ্রম ঘোষণা, প্রতিষ্ঠা এবং ব্যবস্থাপনা করিতে পারিবে।

(৯) অধিদপ্তর হাওর ও জলাভূমি বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন ও কর্মশালা আয়োজন এবং এইরূপ কর্মকান্ডে অংশ গ্রহণ করিবে।

(১০) অধিদপ্তর হাওর ও জলাভূমি এলাকার পরিবেশ, প্রতিবেশ, বাস্তুতন্ত্র (Ecosystem) ও জীববৈচিত্র্য রক্ষা, ফসল ও মৎস্য উৎপাদন, নদীর গতি প্রকৃতি, বন্যা নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা, নদী শাসন, শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ, জনগণের আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন ইত্যাদি বিষয়ে মৌলিক ও প্রায়োগিক গবেষণা ও প্রশিক্ষণের জন্য গবেষণা প্রতিষ্ঠান ও প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠা করিতে পারিবে।

(১১) অধিদপ্তর হাওর ও জলাভূমি এলাকার পরিবেশ, প্রতিবেশ, বাস্তুতন্ত্র ও জীববৈচিত্র্য এবং জলাভূমি কেন্দ্রিক মানুষের জীবনধারার বিবর্তনের ইতিহাসকে ধরিয়া রাখিবার উদ্দেশ্যে মিউজিয়াম প্রতিষ্ঠা করিতে পারিবে।

(১২) অধিদপ্তর হাওর ও জলাভূমি এলাকার উপাত্তভান্ডার (Database) প্রস্তুত, তথ্য প্রকাশ ও প্রচার করিবে।

(১৩) হাওর ও জলাভূমি এলাকায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রকল্প গ্রহণের ক্ষেত্রে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।

দ্বিতীয় অধ্যায়

হাওর ও জলাভূমি সুরক্ষা

হাওর ও জলাভূমি সুরক্ষা

৫। (১) হাওর ও জলাভূমি সুরক্ষা বলিতে নিম্নবর্ণিত কার্যাবলী করা বুঝাইবে:

(ক) হাওর ও জলাভূমির জরিপ, তালিকা প্রস্তুত, সীমানা চিহ্নিতকরণ ও জলাভূমি এলাকার মানচিত্র প্রস্তুত;

(খ) হাওর ও জলাভূমি এলাকার উদ্ভিদ ও প্রাণিকুল, জলজ বাস্তুতন্ত্র এবং পরিবেশ, প্রতিবেশ রক্ষার নিমিত্ত-

(i) অভয়াশ্রম বা স্থায়ী অভয়াশ্রম প্রতিষ্ঠা;

(ii) সংরক্ষিত জলাভূমি এলাকা ঘোষণা; এবং

(iii) হাওর ও জলাভূমি সংস্কার, খনন, পুনঃখনন ও পুনরুদ্ধার;

(গ) হাওর ও জলাভূমির পানির অন্তঃপ্রবাহ বা আন্তঃপ্রবাহ বা বহিঃপ্রবাহ অব্যাহত রাখিবার নিমিত্ত খনন বা পুনঃখনন;

(ঘ) পানির স্বাভাবিক প্রবাহ অব্যাহত রাখা এবং হাওর ও জলাভূমির টেকসই ব্যবহার;

(ঙ) হাওর ও জলাভূমির উদ্ভিদ ও প্রাণিকুল এবং জলজ বাস্তুতন্ত্র উন্নত করার নিমিত্ত হাওর ও জলাভূমির যে কোন ধরণের পরিবর্তন;

(চ) হাওর ও জলাভূমির উদ্ভিদ ও প্রাণিকুল এবং জলজ পরিবেশ, প্রতিবেশ রক্ষা করে পরিবেশ বান্ধব পর্যটন;

(২) হাওর ও জলাভূমি সুরক্ষা বলিতে নিম্নবর্ণিত কার্যাবলী হইতে বিরত থাকা বুঝাইবে:

(ক) হাওর ও জলাভূমি হইতে এমনভাবে পানি প্রত্যাহার যাহার ফলে হাওর ও জলাভূমি শুকাইয়া যায় বা হাওর ও জলাভূমি এলাকার পরিবেশ, বাস্তুতন্ত্র বা জলজ প্রাণীর আবাসস্থল ক্ষতিগ্রস্থ হয়;

(খ) পানিধারক স্তরের নিরাপদ সীমা ব্যাহত হয় এমনভাবে পানি উত্তোলন/আহরণ;

(গ) পানির স্বাভাবিক প্রবাহ বাধাগ্রস্থ করে এমন কোন কাজ;

(ঘ) হাওর ও জলাভূমির যে কোন ধরণের পরিবর্তন যাহার ফলে হাওর ও জলাভূমির পরিবেশ, উদ্ভিদ ও প্রাণিকুল এবং জলজ বাস্তুতন্ত্র ক্ষতিগ্রস্থ হয়;

(ঙ) হাওর ও জলাভূমিতে এমন কোন অবকাঠামো নির্মাণ যাহা পানির স্বাভাবিক প্রবাহকে বাধাগ্রস্থ করে এবং যাহার ফলে হাওর ও জলাভূমির পরিবেশ, উদ্ভিদ ও প্রাণিকুল এবং জলজ বাস্তুতন্ত্র ক্ষতিগ্রস্থ হয়;

(চ) হাওর ও জলাভূমিতে এমন কোন দ্রব্য, পয়ঃ বা গৃহস্থালী বর্জ্য নিক্ষেপ বা মিশ্রণ বা নিঃসরণ যাহার ফলে পানি দূষিত হয় বা হাওর ও জলাভূমির পরিবেশ, উদ্ভিদ ও প্রাণিকুল এবং জলজ বাস্তুতন্ত্র ক্ষতিগ্রস্থ হয়;

(ছ) শিল্প কারখানার অপরিশোধিত তরল বা কঠিন বর্জ্য হাওর ও জলাভূমিতে নিক্ষেপ বা মিশ্রণ বা নিঃসরণ যাহার ফলে পানি দূষিত হয় বা হাওর ও জলাভূমির পরিবেশ, উদ্ভিদ ও প্রাণিকুল এবং জলজ বাস্তুতন্ত্র ক্ষতিগ্রস্থ হয়;

(জ) অভয়াশ্রম হিসাবে ঘোষিত হাওর ও জলাভূমি এলাকায় পানি বা শব্দ দূষণ সৃষ্টিকারী যান্ত্রিক জলযান চালানো;

(ঝ) অনুমোদিত বালুমহাল বা পাথরমহাল ব্যতীত হাওর ও জলাভূমি হইতে বালু বা পাথর উত্তোলন;

(ঞ) হাওর ও জলাভূমির অবৈধ দখল, ভরাট বা অননুমোদিত খনন;

(ট) হাওর ও জলাভূমি হইতে অবৈধভাবে সম্পদ আহরণ;

(ঠ) হাওর ও জলাভূমির অননুমোদিত পরিবর্তন বা রূপান্তর;

(ড) প্রাকৃতিক ভারসাম্যের জন্য অত্যাবশ্যকীয় ঘোষিত এমন কোন জলমহাল ইজারা প্রদান।

হাওর ও জলাভূমির পরিবেশ ও বাস্তুতন্ত্র সুরক্ষায় ব্যবস্থা গ্রহণ

৬। (১) মহাপরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের কোন কাজ করা বা না করার ফলে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে হাওর ও জলাভূমির পরিবেশ ও বাস্তুতন্ত্রের ক্ষতি সাধন হইয়াছে বা হইতেছে তাহা হইলে মহাপরিচালক উক্ত ক্ষতির পরিমাণ নির্ধারণ পূর্বক উহা পরিশোধ এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিতে পারিবেন; উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান এইরূপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

(২) উপধারা (১) এর অধীন নির্দেশপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্দেশিত ক্ষতিপূরণ প্রদান বা সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ না করিলে মহাপরিচালক যথাযথ এখতিয়ারসম্পন্ন আদালতে মামলা করিতে পারিবেন।

(৩) হাওর ও জলাভূমির পরিবেশ ও বাস্তুতন্ত্রের ক্ষতি এবং উক্ত ক্ষতির ফলে নির্দেশিত ক্ষতির পরিমাণ ইত্যাদি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

তৃতীয় অধ্যায়

হাওর ও জলাভূমি উন্নয়ন

হাওর ও জলাভূমি উন্নয়ন

৭। (১) হাওর ও জলাভূমি জরিপ করিয়া উহার তালিকা প্রস্তুত, সীমানা চিহ্নিতকরণ ও হাওর ও জলাভূমি এলাকার মানচিত্র প্রস্তুত করিতে হইবে;

(২) হাওর ও জলাভূমির প্রাকৃতিক সম্পদ জরিপ করিতে হইবে।

(৩) হাওর ও জলাভূমির পরিবেশ, উদ্ভিদ ও প্রাণিকুল এবং জলজ বাস্তুতন্ত্র রক্ষিত হয় এমন কার্যক্রম (Ecosystem based/Nature based solution) গ্রহণ করিতে হইবে।

(৪) হাওর ও জলাভূমির পরিবেশ, উদ্ভিদ ও প্রাণিকুল এবং জলজ বাস্তুতন্ত্র উন্নত করিবার নিমিত্ত হাওর ও জলাভূমি সংস্কার, খনন, পুনঃখনন বা পুনরুদ্ধার কার্যক্রম গ্রহণ করা যাইবে;

(৫) হাওর ও জলাভূমির পানির অন্তঃপ্রবাহ বা আন্তঃপ্রবাহ বা বহিঃপ্রবাহ অব্যাহত রাখিবার নিমিত্ত খনন কার্যক্রম গ্রহণ করা যাইবে;

(৬) হাওর ও জলাভূমির সুরক্ষা/উন্নয়নের নিমিত্ত গবেষণা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করিতে হইবে;

(৭) হাওর ও জলাভূমির পরিবেশ, বাস্তুতন্ত্র ও জীববৈচিত্র্য এবং জলাভূমি কেন্দ্রিক মানুষের জীবনধারার বিবর্তনের ইতিহাসকে ধরিয়া রাখিবার উদ্দেশ্যে মিউজিয়াম প্রতিষ্ঠা করিতে হইবে;

(৮) হাওর ও জলাভূমির বাস্তুতন্ত্রগত সেবার আর্থিক মূল্য (Economic valuation of ecosystem services) নিরুপণ এবং উহার ভিত্তিতে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করিতে হইবে;

(৯) নদীতীরের ভাঙ্গন রোধকল্পে যথাযথ সমীক্ষার ভিত্তিতে এবং উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ বা খনন কার্যক্রম গ্রহণ করা যাইবে;

(১০) নদীর নাব্যতা ও সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য যথাযথ সমীক্ষার ভিত্তিতে এবং উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে খনন, অবকাঠামো নির্মাণ ও সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম গ্রহণ করা যাইবে;

সংরক্ষিত জলাভূমি/ অভয়াশ্রম প্রতিষ্ঠা

৮। (১) হাওর ও জলাভূমি এলাকার উদ্ভিদ ও প্রাণিকুল, জলজ বাস্তুতন্ত্র ও পরিবেশের ভারসাম্য রক্ষার নিমিত্ত কোন হাওর ও জলাভূমি বা উহার কোন অংশকে প্রয়োজনে সংরক্ষিত জলাভূমি এলাকা বা অভয়াশ্রম ঘোষণা, প্রতিষ্ঠা করা যাইবে।

(২) হাওর ও জলাভূমি বা উহার কোন অংশকে সংরক্ষিত জলাভূমি এলাকা বা অভয়াশ্রম ঘোষণা, প্রতিষ্ঠা বিধি দ্বারা নির্ধারিত হইবে।

প্রকল্প বাস্তবায়ন ইত্যাদি

৯। (১) হাওর ও জলাভূমি এলাকার উন্নয়নে গৃহিত প্রকল্প/কার্যক্রমের সমন্বয় ও পরিবীক্ষণ করিতে হইবে।

(২) হাওর ও জলাভূমি এলাকার সার্বিক উন্নয়নের জন্য মহাপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও সমন্বয় করিতে হইবে।

(৩) সময়ে সময়ে প্রণীত জাতীয় পরিকল্পনা, ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, এসডিজিসহ অন্যান্য বৈশ্বিক পরিকল্পনা এবং অন্যান্য পরিকল্পনার আলোকে হাওর ও জলাভূমির সার্বিক ও সমন্বিত উন্নয়নের জন্য সমীক্ষা ও বিনিয়োগ প্রকল্প গ্রহণ করিতে হইবে।

(৪) হাওর ও জলাভূমি বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন ও কর্মশালা আয়োজন এবং এইরূপ কর্মকান্ডে অংশগ্রহণ করিতে হইবে।

(৫) হাওর ও জলাভূমি এলাকার পরিবেশ, প্রতিবেশ, বাস্তুতন্ত্র ও জীববৈচিত্র্য রক্ষা, ফসল ও মৎস্য উৎপাদন বৃদ্ধি, নদীর গতি প্রকৃতি, বন্যা নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা, নদীর তীর সংরক্ষণ, শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ, জনগণের আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন ইত্যাদি বিষয়ে মৌলিক ও প্রায়োগিক গবেষণা পরিচালনা করিতে হইবে।

(৬) হাওর ও জলাভূমি এলাকা সম্পর্কিত তথ্য সংগ্রহ, প্রকাশ ও প্রচার করিতে হইবে।

(৭) হাওর ও জলাভূমি এলাকার পরিবেশ, প্রতিবেশ, বাস্তুতন্ত্র ও জীববৈচিত্র্য সুরক্ষা বিষয়ে জনসচেনতা বৃদ্ধির জন্য কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

ছাড়পত্র গ্রহণ

১০। হাওর ও জলাভূমি এলাকায় উন্নয়ন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে মহাপরিচালকের নিকট হইতে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।

চতুর্থ অধ্যায়

হাওর ও জলাভূমি ব্যবস্থাপনা

হাওর ও জলাভূমি ব্যবস্থাপনা

১১। (১) হাওর ও জলাভূমির সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনার নিমিত্ত একটি জাতীয় পরিষদ ও নির্বাহী কমিটি থাকিবে;

(২) উক্ত পরিষদ "জাতীয় হাওর ও জলাভূমি সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনা পরিষদ" এবং উক্ত কমিটি "হাওর ও জলাভূমি সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনা নির্বাহী কমিটি" নামে অভিহিত হইবে;

(৩) জাতীয় পরিষদ ও নির্বাহী কমিটির গঠন, ক্ষমতা ও কার্যাবলি বিধি দ্বারা নির্ধারিত হইবে;

(৪) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে হাওর ও জলাভূমি ব্যবস্থাপনা কমিটি থাকিবে;

(৫) কমিটিসমূহ সংশ্লিষ্ট অন্যান্য আইনের আওতায় জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বিদ্যমান কমিটির অতিরিক্ত হিসাবে গণ্য হইবে;

(৬) উক্ত কমিটিসমূহের গঠন, ক্ষমতা ও কার্যাবলি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

১২। হাওর ও জলাভূমি এলাকার সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনার প্রয়োজনে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা জলাভূমিভিত্তিক ব্যবস্থাপনা কমিটি গঠন ও পরিচালনা করিতে পারিবে।

অভয়াশ্রম ব্যবস্থাপনা

১৩। (১) হাওর ও জলাভূমি এলাকার পরিবেশ, উদ্ভিদ ও প্রাণিকুল এবং জলজ বাস্তুতন্ত্র উন্নত করার নিমিত্ত অভয়াশ্রম ব্যবস্থাপনা করা যাইবে।

(২) অভয়াশ্রম ব্যবস্থাপনা কার্যক্রম বিধি দ্বারা নির্ধারিত হইবে।

জলচর পাখির নিরাপদ আবাসস্থল

১৪। হাওর ও জলাভূমি এলাকার পরিবেশ, বাস্তুতন্ত্র এবং জীববৈচিত্র্য সুরক্ষার নিমিত্ত জলচর পাখির নিরাপদ আবাসস্থল ও অবাধ চলাচল নিশ্চিত করিবার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

সমন্বয় ও পরিবীক্ষণ

১৫। হাওর ও জলাভূমি এলাকায় কোন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প/কার্যক্রম সমন্বয় ও পরিবীক্ষণ করিতে হইবে।

উপাত্তভান্ডার প্রস্তুত ইত্যাদি

১৬। হাওর ও জলাভূমি এলাকার তথ্য সংগ্রহ ও ডাটাবেজ প্রস্তুত, প্রকাশ ও প্রচার করিতে হইবে।

৫ম অধ্যায়

অপরাধ, দন্ড ও বিচার

হাওর ও জলাভূমি কোর্ট প্রতিষ্ঠা।

১৭। (১) দেশে 'হাওর ও জলাভূমি কোর্ট' নামে এক বা একাধিক কোর্ট থাকিবে।

(২) প্রতিটি 'হাওর ও জলাভূমি কোর্ট' একজন বিচারকের সভাপতিত্বে গঠিত হইবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত প্রসিকিউটর উক্ত কোর্টকে সহায়তা করিবেন।

(৩) উক্ত কোর্ট উহার এখতিয়ারাধীন হাওর ও জলাভূমি সংক্রান্ত অপরাধ আমলে নিবেন।

(৪) উক্ত কোর্ট প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করিতে পারিবে।

মোবাইল কোর্ট আইন, ২০০৯ প্রয়োগ

১৮। আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, মোবাইল কোর্ট আইন ২০০৯ (২০০৯ সনের ৫৯ নং আইন) এর উদ্দেশ্য পূরণকল্পে, এই আইনের অধীন সংঘটিত অপরাধের ক্ষেত্রে, উক্ত আইনের তফসিলভূক্ত হওয়া সাপেক্ষে, মোবাইল কোর্ট দন্ড আরোপ করিতে পারিবে।

অপরাধের বিচার, আমলযোগ্যতা, ইত্যাদি

১৯। (১) আপাততঃ বলবৎ অন্য কোন আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন সংঘটিত অপরাধসমূহ হাওর ও জলাভূমি কোর্ট কর্তৃক বিচার্য হইবে।

(২) এই আইনের অধীন সংঘটিত অপরাধসমূহ আমলযোগ্য (cognizable) ও অজামিনযোগ্য (non-bailable) হইবে।

(৩) এই আইনের অধীন সংঘটিত কোন অপরাধের বিচার সংক্ষিপ্ত পদ্ধতিতেও করা যাইবে।

ফৌজদারি কার্যবিধির প্রয়োগ

২০। এই আইনে বর্ণিত যে কোন অপরাধের তদন্ত, বিচার, আপীল এবং আনুষঙ্গিক সকল বিষয়ে ফৌজদারি কার্যবিধি প্রযোজ্য হইবে।

মামলা দায়েরের ক্ষমতা।

২১। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত কোন কর্মকর্তা বা পুলিশ উপ-পরিদর্শক পদমর্যাদার নিম্নে নহে এইরুপ কোন পুলিশ কর্মকর্তা কর্তৃক অভিযোগ দায়ের বা প্রতিবেদন ব্যতীত এই আইনে বর্ণিত অপরাধের বিচারের জন্য কোন অভিযোগ আমলে গ্রহণ করা যাইবে না।

দণ্ড

২২। (১) নিম্নের টেবিলে বর্ণিত অপরাধের জন্য উহার বিপরীতে উল্লিখিত দণ্ড আরোপনীয় হইবে:

ক্রমিক নং	অপরাধের বর্ণনা	আরোপনীয় দণ্ড
১.	হাওর ও জলাভূমি হইতে এমনভাবে পানি প্রত্যাহার যাহার ফলে জলাভূমি শুকাইয়া যায় বা জলাভূমি এলাকার প্রতিবেশ বা	অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ১০

	জলজ প্রাণীর আবাসস্থল ক্ষতিগ্রস্থ হয়। [উপধারা ৫ (২)(ক)]	(দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।
২.	পানিধারক স্তরের নিরাপদ সীমা ব্যাহত হয় এমনভাবে পানি উত্তোলন/আহরণ। [উপধারা ৫ (২)(খ)]	অনধিক ৩ (তিন) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ৩ (তিন) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।
৩.	পানির স্বাভাবিক প্রবাহ বাধাগ্রস্থ করে এমন কোন কাজ।[উপধারা ৫ (২)(গ)]	অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।
৪.	হাওর ও জলাভূমির যে কোন ধরণের পরিবর্তন যাহার ফলে হাওর ও জলাভূমির পরিবেশ, উদ্ভিদ ও প্রাণিকূল এবং জলজ বাস্তুতন্ত্র ক্ষতিগ্রস্থ হয়। [উপধারা ৫ (২)(ঘ)]	অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।
৫.	হাওর ও জলাভূমিতে এমন কোন অবকাঠামো নির্মাণ যাহা পানির স্বাভাবিক প্রবাহকে বাধাগ্রস্থ করে এবং যাহার ফলে জলাভূমির পরিবেশ, উদ্ভিদ ও প্রাণিকুল এবং জলজ বাস্তুতন্ত্র ক্ষতিগ্রস্থ হয়। [উপধারা ৫ (২)(ঙ)]	অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।
৬.	হাওর ও জলাভূমিতে এমন কোন দ্রব্য, পয়ঃ বা গৃহস্থালী বর্জ্য নিক্ষেপ বা মিশ্রণ বা নিঃসরণ যাহার ফলে পানি দূষিত হয় বা হাওর ও জলাভূমির পরিবেশ, উদ্ভিদ ও প্রাণিকুল এবং জলজ বাস্তুতন্ত্র ক্ষতিগ্রস্থ হয়। [উপধারা ৫ (২)(চ)]	অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।

৭.	শিল্প কারখানার অপরিশোধিত তরল বা কঠিন বর্জ্য হাওর ও জলাভূমিতে নিক্ষেপ বা মিশ্রণ বা নিঃসরণ যাহার ফলে পানি দূষিত হয় বা হাওর ও জলাভূমির পরিবেশ, উদ্ভিদ ও প্রাণিকুল এবং জলজ বাস্তুতন্ত্র ক্ষতিগ্রস্থ হয়। [উপধারা ৫ (২)(ছ)]	অনধিক ১০ (দশ) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।
৮.	অভয়াশ্রম হিসাবে ঘোষিত হাওর ও জলাভূমি এলাকায় পানি বা শব্দ দূষণ সৃষ্টিকারী যান্ত্রিক জলযান চালানো [উপধারা ৫ (২)(জ)]	অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।
৯.	অনুমোদিত বালুমহাল বা পাথরমহাল ব্যতীত হাওর ও জলাভূমি হইতে বালু বা পাথর উত্তোলন। [উপধারা ৫ (২)(ঝ)]	অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।
১০.	হাওর ও জলাভূমির অবৈধ দখল, ভরাট বা অননুমোদিত খনন । [উপধারা ৫ (২)(ঞ)]	অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।
১১.	হাওর ও জলাভূমি হইতে অবৈধভাবে সম্পদ আহরণ। [উপধারা ৫ (২)(ট)]	অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।
১২.	হাওর ও জলাভূমির অননুমোদিত পরিবর্তন বা রূপান্তর। [উপধারা ৫ (২)(ঠ)]	অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ড অথবা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।

১৩.	কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের কোন কাজ করা বা না করার ফলে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে হাওর ও জলাভূমির পরিবেশ ও বাস্তুতন্ত্রের ক্ষতি সাধন। [উপধারা ৬ (১)]	অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদন্ড অথবা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড।

অপরাধের সহায়তাকারী

২৩। এই আইনে বর্ণিত কোন অপরাধ সংঘটনে সহায়তা বা প্ররোচনা প্রদান বা প্রলুব্ধ করিলে সহায়তাকারী বা প্ররোচনা প্রদানকারী বা প্রলুব্ধকারী অপরাধ সংঘটনকারীর ন্যায় একই অপরাধে অপরাধী বলিয়া গণ্য হইবেন এবং উক্ত অপরাধীর ন্যায় একইভাবে শাস্তিযোগ্য হইবেন।

৬ষ্ট অধ্যায়

বিবিধ

বিধি প্রণয়নের ক্ষমতা

২৪। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে এবং উহার বিধানাবলি সাপেক্ষে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

হাওর ও জলাভূমি তহবিল গঠন, ব্যবহার ইত্যাদি

২৫। (১) হাওর ও জলাভূমি সুরক্ষা, উন্নয়ন, ব্যবস্থাপনা, এবং প্রয়োজনীয় গবেষণার লক্ষ্যে হাওর ও জলাভূমি তহবিল (Haor and Wetlands Fund) নামে একটি তহবিল থাকিবে।

(২) তহবিলের গঠন ও পরিচালনা পদ্ধতি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

হাওর ও জলাভূমি পদক ও পুরস্কার প্রদান ইত্যাদি

২৬। (১) হাওর ও জলাভূমি সুরক্ষা, উন্নয়ন, ব্যবস্থাপনায় উল্লেখযোগ্য অবদানের জন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে হাওর ও জলাভূমি তহবিল হইতে পদক ও পুরস্কার প্রদান করা যাইবে।

(২) পুরস্কার প্রদানের ক্ষেত্র ও পদ্ধতি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

ক্ষমতা অর্পণ। **২৭।** সরকার এই আইন বা তদাধীন প্রণীত বিধির আওতায় উহার কোন ক্ষমতা উপযুক্ত কর্তৃপক্ষ বা কর্মচারীকে অর্পণ করিতে পারিবে।

সরল বিশ্বাসে কৃত কাজ **২৮।** এই আইন বা তদাধীন প্রণীত বিধির আওতায় সরল বিশ্বাসে কৃত কোন কাজের ফলে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্থ হইলে বা ক্ষতিগ্রস্থ হইবার সম্ভাবনা থাকিলে তজ্জন্য সরকার, উপযুক্ত কর্তৃপক্ষ বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মচারীর বিরুদ্ধে দেওয়ানী বা ফৌজদারী আদালতে মামলা দায়ের করা যাইবে না।

ইংরেজিতে অনূদিত পাঠ **২৯।** (১) এই আইন কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে।

(২) বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

স্বাক্ষরিত
মোঃ অলিউল্লাহ মিয়া
যুগ্মসচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
[প্রাক্তন পরিচালক (পরিকল্পনা, আইসিটি)
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ঢাকা]

স্বাক্ষরিত
কে এম আবদুল ওয়াদুদ
অতিরিক্ত সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
[প্রাক্তন পরিচালক (প্রশাসন ও অর্থ)
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ঢাকা]

স্বাক্ষরিত
উম্মে কুলসুম ফেরদৌসী
জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ)
মৎস্য অধিদপ্তর, ঢাকা

স্বাক্ষরিত
ড. মোঃ হজমত আলী
উপপরিচালক (বাস্তবায়ন)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা

স্বাক্ষরিত
ড. মোহাঃ সরফরাজ বান্দা
তত্বাবধায়ক প্রকৌশলী
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা]

স্বাক্ষরিত
লায়লা সানজিদা
এসোসিয়েট স্পেশালিষ্ট
ইকোলজি, ফরেষ্ট ও বায়োডাইভার্সিটি ডিভিশন
সিইজিআইএস, ঢাকা

স্বাক্ষরিত
এ কে এম রফিকুল ইসলাম
উপপরিচালক পরিবেশ অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা

স্বাক্ষরিত
মোঃ হাসান শাহ্ রিয়ার
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবেশ)
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, ঢাকা]

স্বাক্ষরিত
গাজী মিজানুর রহমান
পরিচালক (পরিকল্পনা, আইসিটি)
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

স্বাক্ষরিত
ড. আলী মুহম্মদ ওমর ফারুক (যুগ্মসচিব)
পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ)
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

স্বাক্ষরিত
কামাল মোহাম্মদ রাশেদ
উপপরিচালক (কৃষি, পানি ও পরিবেশ)
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

স্বাক্ষরিত
নূর জাহান খানম
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

স্বাক্ষরিত
মোঃ খায়রুল আলম সুমন
উপপরিচালক (পরিকল্পনা, আইসিটি)
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ঢাকা